



PICAC NT

Partners in Culturally
Appropriate Care

হোম কেয়ার সার্ভিসের জন্য চুক্তি স্বাক্ষর



Bengali বাংলা

হোম কেয়ার প্যাকেজ (Home Care Package) আপনার প্রয়োজন অনুযায়ী পরিষেবা ও সহায়তা প্রাপ্তি নিশ্চিত করতে পারে।

হোম কেয়ার পরিষেবা পেতে
সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের
সাথে কোনও চুক্তি স্বাক্ষর
করার আগে, আপনার
অধিকার এবং দায়িত্বগুলি
সম্পর্কে সচেতন থাকা জরুরী।

আপনার যা করা প্রয়োজন:

1. নিজের অধিকারগুলো সম্পর্কে অবগত হওয়া।¹
2. এটা জানা যে, আপনার অধিকারগুলি সংরক্ষণে হোম কেয়ার সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের শ্রদ্ধাশীল হওয়া উচিত।
3. আপনার কোনও জিজ্ঞাসা থাকলে, পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে কথা বলুন।
4. নিজের বেছে নেওয়া হোম কেয়ার সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রতি আপনার দায়িত্ব রয়েছে।
5. তাদের প্রতি শ্রদ্ধাশীল থাকুন এবং সুবিবেচনার সাথে আচরণ করুন।
6. আপনাকে সাহায্য করার জন্য পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠান ও তার কর্মীদের জন্য নিরাপত্তা নিশ্চিত করুন।
7. আপনার স্বাস্থ্য অবস্থার পরিবর্তন হলে আপনার হোম কেয়ার প্যাকেজে পরিবর্তন খোলামনে গ্রহণ করুন।
8. চুক্তির শর্ত অনুযায়ী আপনার পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানের হোম কেয়ার ফি বাবদ পাওনাদি পরিশোধ করুন।

¹ Home Care Packages Program Manual for Care Recipients, (পরিষেবা গ্রহিতাদের জন্য হোম কেয়ার প্যাকেজ কর্মসূচীর নির্দেশিকা) ভার্সন 1.4, জানুয়ারি 2023



PICAC NT
Partners in Culturally
Appropriate Care

হোম কেয়ার সার্ভিসের জন্য চুক্তি স্বাক্ষর

চুক্তি করার পূর্বে (আপনার করণীয়)

যে কোনও চুক্তি স্বাক্ষর করার পূর্বে আপনার কিছু অধিকার রয়েছে।

আপনি যে চুক্তিতে স্বাক্ষর করবেন সেটি সম্পর্কে আপনার স্পষ্ট ধারণা থাকতে হবে।

যে বিষয়গুলো যাচাই করবেন

	হ্যাঁ	না
1. আপনি কি সরল, আঞ্চলিক পরিভাষা বর্জিত ইংরেজিতে লিখিত পরিষেবা সম্পর্কে একটি চুক্তি, প্রচারপত্র কিংবা ইশতেহারের অনুলিপি পেয়েছেন?	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
2. আপনি কি আপনার পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত সমস্ত নথির বাংলায় অনুবাদ করা একটি অনুলিপি পেয়েছেন?	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
3. স্বাক্ষর করার জন্য নির্ধারিত সময়সূচীর কমপক্ষে এক সপ্তাহ পূর্বে আপনি কি চুক্তির একটি অনুলিপি (ইংরেজি এবং বাংলা উভয় ভাষায়ই) পেয়েছেন? *	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
4. চুক্তিটিতে আপনি স্বাক্ষর করার সময় পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক যে সকল পরিষেবাগুলি প্রদান করা হবে চুক্তিতে কি তার সুস্পষ্ট একটি তালিকা রয়েছে?	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
5. চুক্তিটিতে কি আপনার হোম কেয়ার মূল্যায়নের উপর ভিত্তি করে পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সমস্ত সম্ভাব্য পরিষেবাগুলির তালিকা লিপিবদ্ধ করা হয়েছে (এমনকি যদিও আপনি বর্তমানে সেগুলিতে আগ্রহী নাও হন)?	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
6. আপনি কি ফী পরিশোধের জন্য আপনার পছন্দসই পদ্ধতিটি (যেমন ডাইরেক্ট ডেবিট, Centrelink ভাতা থেকে কর্তন বা মাসিক স্থানান্তর) বিবেচনা করেছেন?	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
7. পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে কথোপকথনের সময় ভাষার অনুবাদের জন্য, পরিবারের সদস্যদের বাইরে আপনাকে কি একজন পেশাদার দোভাষীর সাহায্য গ্রহণের প্রস্তাব দেওয়া হয়েছিল?*	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
8. আপনি কি পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তিটি পর্যালোচনা করার জন্য কিংবা আপনার সকল প্রশ্নের উত্তর খুঁজে পেতে সময় পেয়েছেন?	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
9. আপনি কি ইংরেজি ব্যতীত বাংলায় বয়স্ক সেবার অধিকার সম্পর্কিত সনদের একটি অনুলিপি পেয়েছেন?	<input type="checkbox"/>	<input type="checkbox"/>

আপনি যদি উল্লেখিত বিষয়গুলির কোনওটিতে 'না' উত্তর দিয়ে থাকেন তবে আপনার সেবা প্রদানকারীকে আরও তথ্যের জন্য জিজ্ঞাসা করার অধিকার আপনার রয়েছে।

* পেশাদার অনুবাদ এবং দোভাষী পরিষেবাগুলি আপনার এবং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের জন্য **বিনামূল্যে** লভ্য।

এই প্রকাশনাটি COTA NT দ্বারা প্রস্তুতকৃত, যা ডিপার্টমেন্ট অফ হ্যালথ এন্ড এইজড কেয়ার এর আর্থিক অনুদানে নির্মিত।
একটি সংশোধনযোগ্য অনুলিপির জন্য, অনুগ্রহ করে PICAC ব্যবস্থাপকের সাথে যোগাযোগ করুন।